



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

19 JUNE 2024

7:35—7:40 AM IST

কেশব মহন্তকে রাজ্যের পরিবহন , মৎস ও আবগারী বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের দায়িত্ব মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা নিজের হাতে নিয়েছেন । কেশব মহন্তের কাছে পূর্বে থাকা বিজ্ঞান , প্রযুক্তি ও জলবায়ু পরিবর্তন তথা তথ্য প্রযুক্তি বিভাগের দায়িত্বের কোনো পরিবর্তন করা হয় নি । উল্লেখ্য লোকসভা নির্বাচনে রাজ্যের মন্ত্রী পরিমল শুরুবৈদ্য সাংসদ নির্বাচিত হওয়ায় রাজ্য মন্ত্রিসভার এই রদবদল বলে সংসদীয় পরিক্রমা বিভাগের মুখ্য সচিবের পক্ষ থেকে জানানো হয়েছে । এদিকে পরিমল শুরুবৈদ্যের ধলাই বিধানসভা কেন্দ্রের বিধায়কের পদত্যাগ পত্র গতকাল রাজ্যপাল গ্রহণ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০ জুন আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১১তম পর্ব এবং শ্রী মোদীর লাগাতার তৃতীয় কার্যকালের জন্য প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ার পর এটি হবে প্রথম পর্ব ।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুদ্ধবিহীন নম্বরে ফোন করে প্রধানমন্ত্রীর কাছে পরামর্শ পাঠাতে পারবেন । একই সঙ্গে জনসাধারণ নরেন্দ্র মোদী এ্যাপ অথবা মাই-গভ মুক্ত মঞ্চার মাধ্যমেও পরামর্শ প্রদান করতে পারবেন । অনুষ্ঠানটির আসন্ন পর্বের জন্য আগামী ২৮ জুন পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে ।

আকাশবাণী - দূরদর্শনের সব নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়াবসাইট এবং নিউজ-অন-মোবাইল এ্যাপের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী , দূরদর্শন নিউজ , প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউটিউব চ্যানেলযোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণীতে প্রচার হওয়ার অব্যবহিত পরেই এই অনুষ্ঠানটির আঞ্চলিক অনুবাদ প্রচারিত হবে ।

রাজ্যের বিভিন্ন প্রান্তে গত কয়েকদিন ধরে চলতে থাকা অবিরাম বৃষ্টিপাতের ফলে বেশ কয়েকটি অঞ্চল প্লাবিত হয়েছে । রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য অনুসারে এপর্যন্ত রাজ্যের ১৪ টি জেলার প্রায় এক লক্ষ লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন । করিমগঞ্জ, কোকরাঝার ,নলবারী জেলায় গত ২৪ ঘন্টা বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির আরো অবনতি হয়েছে ।

এদিকে মেঘালয়ের রাতাছড়ায় গতকাল নতুন করে আরো ভূমিধ্বসের ফলে শিলচর-গৌহাটী সংযোগী ৬ নম্বর জাতীয় সড়কে যান চলাচল এখনও বন্ধ রয়েছে ।

রাজ্যের জলসম্পদ বিভাগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সকাল সাতটায় শিলচর অন্নপূর্ণাঘাটে বরাক নদীর জলস্তর বিপদসীমার এক মিটার ১ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল ঘন্টায় দু সেন্টিমিটার করে বাড়ছে । উল্লেখ্য শিলচর অন্নপূর্ণাঘাটে বরাক নদীর বিপদসীমা হচ্ছে ১৯ দশমিক ৮-৩ মিটার । এদিকে বরাক উপত্যকার অন্যান্য নদীগুলির জলস্তর বৃদ্ধি পেলেও নদীগুলির জল বিপদসীমার নীচে প্রবাহিত হচ্ছে বলে সূত্রে জানানো হয়েছে ।

গৌহাটীর আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ ও আগামীকাল বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , করিমগঞ্জ ও হাইলাকান্দি সহ রাজ্যের অন্যান্য জেলায় মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত এবং রাজ্যের কিছু স্থানে বজ্র বিদ্যুত সহ ঝড়ের সম্ভাবনাও রয়েছে ।

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব এক বিজ্ঞপ্তিতে করিমগঞ্জ জেলার সব সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান আজ ও আগামীকাল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো বলা হয়েছে যে লঙ্গাই ও কুশিয়ারা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় এবং বৃষ্টির জলে জেলার অধিকাংশ বিদ্যালয় জলমগ্ন হওয়ায় ছাত্র ছাত্রীদের সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে আজ ও আগামীকাল জেলার সব সরকারী - বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত হয়েছে । তবে পূর্ব নির্ধারিত সূচী অনুসারে কোনো পরীক্ষা থাকলে তা যথারীতি অনুষ্ঠিত হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

হাইলাকান্দি শহরের এস এস রোডে গত ২৭ মে উধারবন্দ থানার দুর্গানগর চতুর্থ খন্ডের বাসিন্দা আফজল হুসেন বড়ভূইয়া নিহত হওয়া সম্পর্কে ম্যাজিস্ট্রেট পর্যায়ের সাক্ষ্যদান আগামী ১৯ জুন অনুষ্ঠিত হবে। তদন্তকারী ম্যাজিস্ট্রেট অমিত পারবসা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে এই ঘটনার প্রত্যক্ষদর্শী অথবা নিহত আফজল হুসেনের কোন নিকটাত্মীয় এই ঘটনা সম্পর্কে সাক্ষ্য দিতে চাইলে আগামী ১৯ জুন বেলা ১১টা থেকে দুপুর ২টো পর্যন্ত হাইলাকান্দির জেলা ম্যাজিস্ট্রেট কার্যালয়ে উপস্থিত হয়ে সাক্ষ্য প্রদান করতে পারবেন।

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর কেয়ারের সহযোগীতায় আগামীকাল পালংঘাটের রুকনী বাগান নাচঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।
